গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ইটনা, কিশোরগঞ্জ।

স্মারক নং- ০৫.৪১.৪৮৩৩.০০০.০৪.০০৫.১৫-১০২ (৫০) তারিখ: ২২/০১/২০২৪খ্রি:

বিজ্ঞপ্তি-১

ইটনা উপজেলাধীন নিম্ন বাজরের বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ থেকে ৩০ শে চৈত্র পর্যন্ত মেয়াদে ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী ব্যক্তিগণের নিকট থেকে নিম্ন বর্ণিত শর্তাবলী মোতাবেক সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ আগামী ১৪/০২/২০২৪ খ্রি; তারিখ বেলা ১:০০ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি) ও জেলা প্রশাসক, কিশোরগঞ্জ মহোদয়ের কার্যালয়ে জমা দেয়া যাবে। উক্ত তারিখ বেলা ৩:০০ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) বর্ণিত অফিসে দরপত্র খোলা হবে।

দরপত্রের শর্তাবলী সম্মলিত সিডিউল নির্ধারিত মূল্যে(অফেরত যোগ্য) দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ইটনা, সহকারী কমিশনার (ভূমি) ইটনা ও জেলা প্রশাসক, কিশোরগঞ্জ মহোদয়ের কার্যালয় থেকে ক্রয় করা যাবে । দরপত্র দাখিলের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না ।

উল্লেখ্য যে, দরপত্র দাখিলের তারিখে কোন দরপত্র পাওয়া না গেলে অথবা দাখিলকৃত দরপত্রের উদ্ধৃত দর উপজেলা দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক গৃহীত না হলে পরবর্তীতে যথাক্রমে ১৯/০২/২০২৪খ্রি:, ২৭/০২/২০২৪খ্রি ও ০৪/০৩/২০২৪খ্রি. তারিখে বেলা ১:০০ঘটিকা পর্যন্ত উল্লিখিত অফিসসমূহে দরপত্র দাখিল করা যাবে । এ ক্ষেত্রে প্রতিবার দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্যে(অফেরত যোগ্য) দরপত্র উল্লেখিত অফিসসমূহ হতে ক্রয় করা যাবে।

হাট বাজার

ক্রমিক নং	হাটবাজারের নাম	ইউনিয়নের নাম	সম্ভাব্য মূল্য/সরকারি মূল্য	সিডিউলের মূল্য
০১	ইটনা নতুন বাজার	ইটনা	৪৯০২৫০০	১০৬০০
০২	এলংজুরী বাজার	এলংজুরী	১০০৩৪৭	১০০০
০৩	ধনপুর বাজার	ধনপুর	৬৫১৯০	৫০০
০৪	জয়সিদ্ধি বাজার	জয়সিদ্ধি	১৩৯৫৬৭	১০০০
০৫	উয়ারা বাজার	জয়সিদ্ধি	৪৮১৬০	৫০০
০৬	বর্শিকুড়া বাজার	বাদলা	৭৮৮০	৫০০
০৭	রায়টুটী বাজার	রায়টুটী	৩৯৯২৭	৫০০

০১। বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ১৪৩১ বাংলা সনের ৩০শে চৈত্র ০১(এক)বৎসর মেয়াদকালের জন্য উক্ত বাজার ইজারা দেয়া হবে। -

০২। দরপত্র দাতাকে দরপত্রের সাথে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ইটনা এর অনুকূলে জমা দিতে হবে এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা হাট-বাজার নিয়মিত নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র গৃহীত হওয়ার সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত)কার্যদিবসের মধ্যে দরপত্রের উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫%(পচাঁত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫%ভ্যাট(মূল্য সংযোজন কর) অব্যশই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ৩(তিন) বৎসরের গড় ইজারা মূল্য+ ৬% (সরকারি মূল্য) হতে কম হয় তাহলে ইজারা প্রদান কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

০৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র বিক্রয় করা যাবে না।

০৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্ট ভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল, রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করতে হবে।

০৮। বাজারের জন্য সীল মোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গন্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ(ভ্যাট আয়কর সহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-টাকার নন জুডিশিয়াল স্ট্র্যাম্প ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদান করতে হবে

১১। দুই বা ততোধিক দরদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা ,কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণ যোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গন্য হবে এবং দখলকৃত সময়ের হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৭। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেখে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২২/০১/২৪

(মোঃ আবু রিয়াদ)
উপজেলা নির্বাহী অফিসার
ইটনা, কিশোরগঞ্জ
ফোন:০৯৪২৬-৫৬০০১
email:unoitna@mopa.gov.bd

CamScanner

স্মারক নং– ০৫.৪১.৪৮৩৩.০০০.০৪.০০৫.১৫-১০২ (৫০)   তারিখঃ ২২/০১/২০২৪খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১ জেলা প্রশাসক,কিশোরগঞ্জ।

০২ পুলিশ সুপার,কিশোরগঞ্জ।

০৩ প্রধান নির্বাহী কর্মকতা, জেলা পরিশষদ, কিশোরগঞ্জ।

০৪ চেয়ারম্যান,উপজেলা পরিষদ,ইটনা,কিশোরগঞ্জ।

০৫ উপজেলা নির্বাহী অফিসার(সকল)--কিশোরগঞ্জ।

০৬ ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইটনা কিশোরগঞ্জ।

০৭ উপজেলা --- কর্মকর্তা, ইটনা, কিশোরগঞ্জ।

০৮ চেয়ারম্যান/সচিব, ধনপুর ইউনিয়ন পরিষদ, তাঁর ইউনিয়ন পরিষদের আওতাধীন হাট-বাজার ভূমি অফিস, স্বাস্থ্য কেন্দ্র ও ইউনিয়ন পরিষদ কার্যালয়ের নোটিশ বোর্ডে টানিয়ে এবং ঢোল সহরতের মাধ্যমে দরপত্র দাখিলের তারিখ ও সময় সম্পর্কে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৯ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস তাঁর অফিসের নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি টানিয়ে প্রচার ছাড়া ও ইউনিয়ন ভূমি অফিসের আওতায় হাট-বাজার সমূহে ঢোল সহরতের মাধ্যমে দরপত্র দাখিলের তারিখ ও সময় ঘোষণা করে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচার পূর্বক সার্ভিস রিটার্ন আগামী ০৮/০২/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে অত্রাফিসে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। উক্ত বিজ্ঞপ্তি প্রচারে ব্যর্থ হলে তিনি ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

১০ জনাব -------------------------------------ইজারাদার/প্রাক্তন ইজারাদার,.......................................বাজার

১১ জনাব আলী আকবর, জারিকারক অত্রাফিস। তাকে ইটনা উপজেলাধীন প্রাপক গণের নিকট বিজ্ঞপ্তি জারী করে সার্ভিস রিটার্ন আগামী ০৮/০২/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে অত্রাফিসে জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

১২ নোটিশ বোর্ড।

উপজেলা নির্বাহী অফিসার
ইটনা ,কিশোরগঞ্জ।

CS CamScanner